

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩১.১৯.৩৪৪

তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন ২০১৯ খ্রি.

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপকঃ জেলা প্রশাসক, ঝিনাইদহ/জামালপুর/বগুড়া/নোয়াখালী।

বিষয়ঃ চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় গম বিশেষ বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০/০৬/২০১৯ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮(অংশ-৪১)-২৮৮, নং মঞ্জুরি আদেশের পরিপ্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় উল্লিখিত জেলা ও উপজেলার পার্শ্বে বর্ণিত প্রকল্পের অনুকূলে কাবিখা খাতে সর্বমোট ১৬০.০০০ (একশত ষাট) মে:টন গম নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ (বিশেষ বরাদ্দ) প্রদান করছি।


২। এই ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ হতে নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	জেলা	উপজেলা	প্রকল্পের বিবরণ	বরাদ্দের পরিমাণ (গম)
১।	ঝিনাইদহ	মহেশপুর	১। মদনপুর হতে জিতারপুর শশ্মান ঘাট পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ	২৫ মে.টন গম
২।	জামালপুর	সদর	১। চর যথার্থপুর মানুর বাড়ীর মোড় হতে রাংগামাটিয়া নতুন জামে মসজিদ পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। ২। চরপাড়া চান্দুর বাড়ী হতে সুরুজ্জামানের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার।	৩০ মে.টন গম ৩০ মে.টন গম
৩।	বগুড়া	খুনট	১। খাটিয়ামারী গ্রামের খাটিয়ামারী ব্রীজ হতে টুকু মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার।	২৫ মে.টন গম
৪।	নোয়াখালী	সদর	১। ড.বশির আহমেদ কলেজের মাঠ ভরাট ও গাইড ওয়াল স্থাপন। মোট=	৫০ মে.টন গম ১৬০ (একশত ষাট) মে.টন গম

শর্তসমূহঃ-

- (১) এই প্রকল্পের খাদ্যশস্য উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি.।
- (২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) বাস্তবায়নামূলক প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
- (৫) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি’র সভাপতি করতে হবে;
- (৬) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) কোনো প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।
- (৮) কোনো প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
- (৯) প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন যথারীতি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

- (১০) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
(১১) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার সংরক্ষণ করতে হবে।


(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।



স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১৩১.১৯.৩৪৪


তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন, ২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার,বিভাগ।
- ২। পরিচালক(মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, জেলা-বিনাইদহ/সদর, জেলা-জামালপুর/ধনুট, জেলা-বগুড়া/সদর, জেলা-নোয়াখালী।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা- বিনাইদহ/জামালপুর/বগুড়া/নোয়াখালী।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার (দায়িত্ব প্রাপ্ত), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা- বিনাইদহ/জামালপুর/বগুড়া/নোয়াখালী।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশপুর, জেলা-বিনাইদহ/সদর, জেলা-জামালপুর/ধনুট, জেলা-বগুড়া/সদর, জেলা-নোয়াখালী।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশপুর, জেলা-বিনাইদহ/সদর, জেলা-জামালপুর/ধনুট, জেলা-বগুড়া/সদর, জেলা-নোয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি সড়ক, ঢাকা।
- ৩। যুগ্মসচিব ত্রাক-২, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ মনিরুজ্জামান)
(উপসচিব)

উপ-পরিচালক (কাবিখা-১)

